



স্মারক নম্বর: ৪৬.৪১.৫৯০০.০০১.৯৯.০৫৩.২৬.৪৩২

তারিখ: ১২.১০.২০২৬ খ্রি.

গাছ বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মুন্সীগঞ্জ জেলা পরিষদের মালিকানাধীন শ্রীনগর ডাকবাংলো সংলগ্ন ০৩ (তিন)টি কড়ই, ০১ (এক)টি মেহগনি, ০১ (এক)টি কৃষ্ণচূড়া ও ০১ (এক)টি হাওড়াসহ সর্বমোট ০৬ (ছয়)টি গাছ যেখানে যে অবস্থায় রয়েছে, সে অবস্থায় বিক্রয়ের নিমিত্তে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে প্রকৃত কাঠ ব্যবসায়ী/বৈধ করাতকলের মালিক/ফার্নিচার ব্যবসায়ী/সর্বসাধারণের নিকট হতে সিলমোহরযুক্ত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

(ক) দরপত্র ফরম বিক্রয় ও দাখিলের স্থানঃ

- (১) জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), মুন্সীগঞ্জ।
- (২) জেলা পরিষদ, মুন্সীগঞ্জ।
- (৩) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শ্রীনগর, মুন্সীগঞ্জ।

দরপত্র সিডিউল বিক্রয় ও দাখিলের তারিখ এবং সময়সূচী:

পর্যায়	দরপত্র ফরম বিক্রয়ের শেষ তারিখ (অফিস খোলার দিন)	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র খোলার তারিখ ও সময়
১ম বার	০১.১১.২০২৬ খ্রি.	০২.১১.২০২৬ খ্রি. দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত	০২.১১.২০২৬ খ্রি. দুপুর ২.০০ ঘটিকা
২য় বার	১৫.১১.২০২৬ খ্রি.	১৬.১১.২০২৬ খ্রি. দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত	১৬.১১.২০২৬ খ্রি. দুপুর ২.০০ ঘটিকা
৩য় বার	২৯.১১.২০২৬ খ্রি.	৩০.১১.২০২৬ খ্রি. দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত	৩০.১১.২০২৬ খ্রি. দুপুর ২.০০ ঘটিকা

শর্তাবলি

১০. প্রতি সেট দরপত্র ফরমের মূল্য ১,০০০.০০ (এক হাজার) টাকা (অফেরতযোগ্য)। 'ক' অনুচ্ছেদে বর্ণিত কার্যালয়সমূহ হতে অফিস চলাকালীন সময়ে দরপত্র ফরম সংগ্রহ করা যাবে এবং নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রের সঙ্গে ফরম ক্রয়ের রসিদ সংযুক্ত করতে হবে।
১১. দরদাতাকে দরপত্রে উদ্ধৃত মোট মূল্যের ন্যূনতম ২৫% (পঁচিশ শতাংশ) অর্থ তফসিলভুক্ত ব্যাংক হতে ডিম্যান্ড ড্রাফট (ডিডি)/পে-অর্ডারের মাধ্যমে 'প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মুন্সীগঞ্জ' বরাবর দরপত্রের সঙ্গে জমা দিতে হবে। নির্ধারিত পরিমাণ অর্থ জমা না দিলে দরপত্র বাতিল বলে গণ্য হবে। দরপত্র নিষ্পত্তির পর অকৃতকার্য দরদাতাদের জমাকৃত অর্থ বিধি মোতাবেক ফেরত দেওয়া হবে।
১২. কৃতকার্য দরদাতাকে কার্যাদেশ/অনুমোদনপত্র প্রাপ্তির ০৩ (তিন) দিনের মধ্যে উদ্ধৃত মোট মূল্যের অবশিষ্ট অর্থ এবং উদ্ধৃত মূল্যের ওপর প্রযোজ্য ১৫% ভ্যাট ও ১০% আয়কর সরকারি বিধি মোতাবেক পরিশোধ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে অর্থ পরিশোধে ব্যর্থ হলে কর্তৃপক্ষ বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারবে।
১৩. দরপত্র দাখিলের পর কোনো দরদাতা তীর দরপত্র প্রত্যাহার করতে পারবেন না। প্রত্যাহার করলে দরপত্রের সঙ্গে জমাকৃত অর্থ বিধি অনুযায়ী বাজেয়াপ্ত করা যাবে।
১৪. দরপত্র গৃহীত হওয়ার পর গাছের কাঠের গুণগত মান, অবস্থা বা অন্য কোনো বিষয়ে ক্রেতা কোনো প্রকার ওজর-আপত্তি উত্থাপন করতে পারবেন না। এ বিষয়ে কোনো আপত্তি উত্থাপন করা হলে তা গ্রহণযোগ্য হবে না এবং এ কারণে ক্রেতা কোনো প্রকার ক্ষতিপূরণ বা মূল্য হাস দাবি করতে পারবেন না।
১৫. দরপত্র গ্রহণ বা বাতিলের বিষয়ে জেলা পরিষদ কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যেকোনো দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিলের অধিকার সংরক্ষণ করে।
১৬. কার্যাদেশ প্রদানের তারিখ হতে অনধিক ০৭ (সাত) দিনের মধ্যে ক্রেতাকে নিজ দায়িত্বে ও নিজ খরচে গাছ কর্তন এবং গাছের গুঁড়ি, ডালপালা ও অন্যান্য অবশিষ্টাংশ অপসারণ করতে হবে। নির্ধারিত সময়ে অপসারণে ব্যর্থ হলে কর্তৃপক্ষ বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারবে।
১৭. গাছ কর্তন ও অপসারণের সময় ডাকবাংলো ভবন, সীমানা প্রাচীর, সড়ক, বিদ্যুৎ লাইন এবং জনসাধারণের জ্ঞানমালের কোনো ক্ষতি করা যাবে না। কোনো ক্ষতি হলে ক্রেতাকে নিজ দায়িত্বে ক্ষতিপূরণ প্রদান করতে হবে।
১৮. গাছ কর্তন ও অপসারণের ক্ষেত্রে সংশ্লিষ্ট সরকারি কর্তৃপক্ষের অনুমতি এবং প্রচলিত আইন ও বিধি-বিধান অনুসরণ করতে হবে।

12.10.26

বোটন চন্দ

নির্বাহী কর্মকর্তা

জেলা পরিষদ, মুন্সীগঞ্জ

zpmunshiganj@lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.৪১.৫৯০০.০০১.৯৯.০৫৩.২৬.৪৩২/১(৭)

তারিখ: ১২.১০.২০২৬ খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ।
- ৪। প্রশাসক, জেলা পরিষদ, মুন্সীগঞ্জ।
- ৫। পুলিশ সুপার, মুন্সীগঞ্জ।
- ৬। বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, বন ভবন, মহাখালী, ঢাকা।
- ৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মুন্সীগঞ্জ।



নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, মুন্সীগঞ্জ

স্মারক নম্বর: ৪৬.৪১.৫৯০০.০০১.৯৯.০৫৩.২৬.৪৩২/১(৬) (১৩)

তারিখ: ১২.১০.২০২৬ খ্রি.

অনুলিপি অবগতি ও বহল প্রচারের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, শ্রীনগর, মুন্সীগঞ্জ।
- ৩। জনাব মোঃ ওমর ফারুক, সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ।
- ৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন নার্সারি ও প্রশিক্ষণ কেন্দ্র, মুন্সীগঞ্জ।
- ৫। উপজেলা বন কর্মকর্তা, মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ।
- ৬। সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, মুন্সীগঞ্জ।
- ৭। সম্পাদক, দৈনিক, মুন্সীগঞ্জ। নিলাম বিজ্ঞপ্তি স্বল্প পরিসরে ছুটির দিন ব্যতীত সুবিধাজনক যেকোনো একদিন প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৮। নোটিশ বোর্ড, জেলা পরিষদ, মুন্সীগঞ্জ।
- ৯। অফিস কপি।



নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, মুন্সীগঞ্জ